আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য সব নাগরিকের রাষ্ট্র প্রথম নীতি গ্রহণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে গুরুত্ব আরোপ ।

২) আগামীকাল সকাল ৮ টা থেকে রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণণা । দুপুরের মধ্যে ভোটগণণার ফলাফল ঘোষনা হবার সম্ভাবনা ।

৩) স্বচ্ছতার প্রতি দায়বদ্ধতা ও পরিবেশের বহনক্ষমতার ক্ষেত্রে অগ্রণী ভূমিকার জন্য আসাল শিল্প উন্নয়ন নিগমকে জাতীয় পুরস্কার ।

এবং

৪) আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদের ২০২৫ সালে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার প্র-পত্র পূরনের জন্য আগামী ২৫ শে নভেম্বর থেকে পোর্টাল পুনরায় চালু ।

------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য সব নাগরিকের রাষ্ট্র প্রথম নীতি গ্রহণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে গুরুত্ব আরোপ করেছেন ।হায়দ্রাবাদে অনুষ্ঠিত লোক মন্থনের চতুর্থ সংস্করণে ভাষন দিয়ে রাষ্ট্রপতি বলেন যে বিভিন্ন ক্ষেত্রে থাকা বিবিধিতা সত্বে ও দেশকে একত্রিত করে রাখার জন্য

ভারতীয় সংস্কৃতি , ভাষা , পরম্পরা ও জ্ঞানকে এগিয়ে নিয়ে যাওয়া দরকার । শ্রীমতী মূর্মু আজ হায়দ্রাবাদে আর্ন্তজাতিক সাংস্কৃতিক মহোৎসব আনুষ্ঠানিকভাবে উদ্ভোধন করেন ।দাসত্বের মানসিকতার পরিবর্তন হলে সামাজিক বৈষম্য দূর হবে বলে উল্লেখ করে রাষ্ট্রপতি নতুন ফৌজদারি আইন রুপায়ন , রাষ্ট্রপতি ভবনের দরবার হলের নাম পরিবর্তন ইত্যাদি সহ বিভিন্ন পদক্ষেপের বিষয়ে উল্লেখ করেন ।অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী জি কিষান রেড্ডী , তেলেংগানার রাজ্যপাল জিষ্ণুদেব বার্মা সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের ভোটগণণা আগামীকাল সকাল ৮ টা থেকে মোট ৫ টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে । ধলাই ,সিদলী ,বঙ্গাইগাঁও ,বিহালী ও সামগুড়ি বিধানসভা আসনের ভোটগণণা মোট ৬৮ টি টেবিলে অনুষ্ঠিত হবে । এছাড়াও এই পাঁচটি বিধানসভা আসনের পোস্টাল ব্যালটগুলি গণনার জন্যও  মোট ৯ টি টেবিলে ভোটগণণা করা হবে ।এরপর ৮৫ বছরের উর্দ্ধে ভোটদাতাদের ব্যালটে দেওয়া ভোটগুলি গণণা করা হবে । দুপুরের মধ্যে ভোটগণণার ফলাফল ঘোষনা করার সম্ভাবনা রয়েছে । বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিকের উদ্ধৃতি দিয়ে আমাদের জেলা সংবাদদাতারা জানিয়েছেন যে  ধলাই বিধানসভা কেন্দ্রের ভোটগণনা রামনগর আন্তঃরাজ্য ট্রাক টার্মিনেলে  , সিদলী বিধানসভা কেন্দ্রের ভোটগণনা কাজলগাঁওয়ের জেলা কেন্দ্রে , বঙ্গাইগাঁও বিধানসভা কেন্দ্রের ভোটগণনা বঙ্গাইগাঁও কলেজে , বিহালী ও সামগুড়ি বিধানসভা কেন্দ্রের ভোটগণনা জেলা আয়ুক্তের কার্যালয়ের কেন্দ্রে অনুষ্ঠিত হবে । ভোটগনণার জন্য প্রায় ৩৫০ জন কর্মচারীকে নিয়োগ করা হয়েছে । ভোটগণনা কার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ব্যাবস্থা সম্পূর্ণ করা হয়েছে এবং ভোটগনণা কেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যাবস্থা কঠোর করা সহ ভোটগণণার ফলাফল প্রার্থী ও সংবাদমাধ্যমকে জানানোর জন্য বিশেষ ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । আগেই জানানো হয়েছে যে এই আসনগুলিতে গত ১৩ নভেম্বর অনুষ্ঠিত উপ-নির্বাচনের ভোটগহণে সামগ্রিকভাবে প্রায় ৭৬ শতাংশ ভোটদাতা ভোটদান করেছেন ।  উল্লেখ্য আগামীকাল ঝারখন্ড ও মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের ভোটগণণাও অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সরকারী প্রকল্পের হিতাধিকারীদের তাঁদের প্রাপ্য সাহায্য দ্রুত প্রদান করতে রাজ্যের সব জেলার আয়ুক্তদের নির্দেশ দিয়েছেন । মহিলা উদ্যমশীলতা অভিযান সম্পর্কে আলোচনা করার উদ্দেশ্যে গতকাল ভিডিও কনফারেন্সিং ব্যাবস্থার মধ্যে অনুষ্ঠিত এক বৈঠকে অংশগ্রহণ করে তিনি রাজ্যের বিভিন্ন প্রান্তের

হিতাধিকারীদের আর্থিক সহায়তা প্রদানের জন্য যাবতীয় ব্যাবস্থা গ্রহণ করতে জেলার আয়ুক্তদের প্রতি আহ্বান জানান ।

মূখ্যমন্ত্রী এই অভিযানের কাজকর্ম সম্পর্কে আয়ুক্তদের কাছ থেকে খোঁজ নেওয়া সহ মহিলা উদ্যমীরা যাতে ১০ হাজার টাকা করে লাভ করতে পারেন তা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য মহিলা উদ্যমশীলতা অভিযানের মাধ্যমে রাজ্যসরকার মহিলা আত্মসহায়ক গোষ্ঠীগুলিকে গ্রামীণ ক্ষুদ্র উদ্যোগী হিসেবে গড়ে তোলার লক্ষ্য গ্রহণ করেছে । আগামী মাসের মধ্যে প্রকল্পটির সব আনুষ্ঠানিকতা সম্পূর্ন করতে ড.শর্মা নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

ফেডারেশন অব ইন্ডিয়ান চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি আসাম শিল্প উন্নয়ন নিগমকে সম্মানিত করেছে । স্বচ্ছতার প্রতি দায়বদ্ধতা ও পরিবেশের বহনক্ষমতা , আবর্জনা ব্যবস্থাপনা ও পরিকাঠামোর ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করার জন্য আসাম শিল্প উন্নয়ন নিগম এই পুরষ্কার লাভ করেছে । রাজ্যে শিল্প ক্ষেত্রে গৌরব নিয়ে আসা শিল্প উন্নয়ন নিগমের আধিকারিক কর্মচারীরা মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মাকে অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ ২০২৫ সালে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার প্র-পত্র পূরণের জন্য আগামী ২৫ শে নভেম্বর পুনরায় পোর্টেল চালু করবে । সেইঅনুযায়ী প্র - পত্র পূরণের বাকী থাকা সব কাজ ২৬ শে নভেম্বরের মধ্যে সম্পূর্ন করতে পর্ষদ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে আহ্বান জানিয়েছে । একইভাবে ফিস আদায়ের শেষ তারিখ আগামী ২৭ শে নভেম্বর নির্ধারণ করা হয়েছে । প্র-পত্র পূরণের দিন পরবর্তী সময়ে আর বৃদ্ধি করা হবেনা বলে পর্ষদ স্পষ্টভাবে জানিয়েছে ।এদিকে পর্ষদ অফলাইনে কোনো ধরণের প্র-পত্র গ্রহণ করা হবেনা বলে ও জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ন্যাশনেল কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস-এর উদ্যোগে ডিমা হাসাও জেলার শিশু অধিকার ও কল্যান সম্পর্কিত অভিযোগের প্রথম কর্মশালা আজ হাফলং-এর সরকারী বালক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে । আসাম স্টেইট কমিশন ফর প্রটেকশন অফ চাইল্ড রাইটস -এর অধ্যক্ষ ডক্টর শ্যামল প্রসাদ শইকিয়ার পৌরহিত্যে আয়োজিত সভায় শিশু অধিকার খর্ব সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর উত্তর-

কাছাড় স্বশাসিত পার্বত্য পরিষদের কার্য্যবাহী সদস্য ডনফিনিয়ান থাওসেন প্রমুখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যসরকারের সিদ্ধান্ত অনুসারে এবং রাজ্যের সাধারণ প্রশাসন বিভাগের জারী করা বিজ্ঞপ্তি অনুযায়ী করিমগঞ্জ জেলার নতুন নামকরণ শ্রীভূমি জেলা হিসেবে করা হয়েছে ।এর পরিপ্রেক্ষিতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্ত কার্যালয়ে নতুন নামাঙ্কিত সাইন বোর্ডের আনুষ্ঠানিভাবে উদ্বোধন করা হয়েছে ।শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী ,উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ ,জেলা বি জে পি সভাপতি সুব্রত ভট্ট াচার্য ,শ্রীভূমির পুরপতি রবীন্দ্র চন্দ্র দেব সহ বিভিন্ন বিভাগের প্রধান,জেলা আয়ুক্তের কার্যালয়ের আধিকারিক, কর্মী এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের উপস্থিতিতে নতুন নামাঙ্কিত সাইনবোর্ডটির উদ্বোধন করেন । জেলা আয়ুক্ত জানান যে রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে জেলার নতুন নাম শ্রীভুমি করা হয়েছে এবং জেলা আয়ুক্তের কার্যালয়ের নতুন নামাঙ্কিত সাইনবোর্ড স্থাপন করা হয়েছে । পরবর্তী কয়েকদিনের মধ্যে প্রতিটি বিভাগীয় কার্যালয় সহ সব স্থানেই শ্রীভূমি নামকরণ করা হবে বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------

করিমগঞ্জ পৌরসভার নাম আজ আনুষ্ঠানিকভাবে পরিবর্তন করে শ্রীভূমি পৌরসভা করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , পৌরসভা সহ-সভাপতি সুখেন্দু দাস সহ বিভাগীয় আধিকারীক ও কর্মীরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

নেহরু যুব কেন্দ্র সংগঠনের শ্রীভূমি জেলা উপ-সঞ্চালক এক বিজ্ঞপ্তিতে নতুন দিল্লীতে অনুষ্ঠিত জাতীয় যুব উৎসব-২০২৫ এ অংশ নেওয়ার জন্য শ্রীভূমি জেলার যুবাদের অনলাইন কুইজ প্রতিযোগীতায় অংশগ্রহনের আহ্বান জানিয়েছেন । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে আগামী ২৫শে নভেম্বর থেকে অনলাইন কুইজ প্রতিযোগীতায় অংশগ্রহন করা যাবে । এজন্য আগামী ২৫শে নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর পর্য্যন্ত মাই ভারত পোর্টালে লগ ইন করতে হবে । বিশদ বিবরনের জন্য নেহরু যুব কেন্দ্রের কার্য্যলয়ে সকাল ১০টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য জেলা পর্য্যায়ের বিজয়ীরা রাজ্য পর্য্যায়ে এবং রাজ্য পর্য্যায়ে বিজয়ীরা জাতীয় পর্য্যায়ে অংশ নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে মত বিনিময় করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জাতীয় কুষ্ঠ নির্মুল কার্য্যসূচীর অধীনে কুষ্ঠ রোগ সনাক্তকরন অভিযান শুরু হয়েছে । এই অভিযানের লক্ষ্য হচ্ছে কুষ্ঠ রোগ সনাক্ত করা , অঙ্গহানী ও বিকৃতির প্রতিরোধ করা এবং জনগনের মধ্যে রোগের সংক্রমন বন্ধ করা । শ্রীভূমি জেলার স্বাস্থ্য পরিষেবার যুগ্ম-সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং জানান যে একজন পুরুষ স্বেচ্ছাসেবক ও একজন স্বীকৃত সামাজিক স্বাস্থ্য কর্মীর আশা সমন্বয়ে গঠিত অনুসন্ধান দলগুলির মাধ্যমে এই অভিযানে জনগনের মধ্যে ব্যাপক সনাক্তকরন নিশ্চিত করা হয়েছে । এই দলগুলি প্রতিটি ঘরে গিয়ে পরিবারের সদস্যদের পরীক্ষা করবে । ডক্টর নাইডিং আরো জানান যে প্রাথমিক সনাক্তকরন ও সময়মতো চিকিৎসা ,রোগকে চূড়ান্ত পর্য্যায়ে পৌছানোর আগে প্রতিরোধ করতে সাহায্য করে । সনাক্তকরা রোগীদের সরকারী স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হবে ।

---

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত কাটলীছড়ার ২১ এ পি ব্যাটেলিয়ন ক্যাম্প হেডকোয়ার্টারের ফায়ারিং রেঞ্জের চতুর্দিকের ৫০০ মিটার বরাবর এলাকায় আগামী ২৫ শে নভেম্বর থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ৬ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত জনসাধারণ ও গবাদিপশুর চলাফেরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন । ২১ এ পি ব্যাটেলিয়ানের বার্ষিক গুলি চালনা মহাড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় ডিসেম্বর মাসের খাদ্য সুরক্ষার চাল বরাদ্দ করা হয়েছে ।অন্তোদয় অন্ন যোজনার কার্ড প্রতি ৩৫ কিলোগ্রাম করে চাল এবং প্রায়রিটি হাউজহোল্ড কার্ডের মাথাপিছু ৫ কেজি করে চাল ডিসেম্বর মাসের এক তারিখ থেকে দশ তারিখের মধ্যে রেশন দোকানের মাধ্যমে বন্টন করা হবে ।

---